২৮/৮/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ০২ কলাম ৩

ভোরের কাগজ

# ছাত্রলীগ-শিবিরের অনড় অবস্থানের কারণে চ.বি. খুলতে বিলম্ব হচ্ছে

শাহাবউদ্দিন নীপু, চ.বি. থেকে : ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পুরো ক্যাম্পাস দখল করার পাঁয়তারা করছে বলে অভিযোগ পাওয়া গেছে। ছাত্রলীগ ও ছাত্র শিবিরের বিপরীতমুখী দাবির কাছে বিশ্ববিদ্যালয় প্রশাসন জিম্মি হয়ে পড়েছে। ছাত্রলীগের দাবি হচ্ছে, শিবিরের চিহ্নিত ক্যাডারদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় খুলতে হবে। অন্যদিকে ছাত্র শিবিরের দাবি হচ্ছে, প্রক্টরের পদত্যাগ এবং আবাসিক হলগুলোতে বৈধ ছাত্রদের তুলে দিয়ে বিশ্ববিদ্যালয় খুলতে হবে। এসব কারণে বন্ধ ঘোষিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলতে আরো বিলম্ব হবে বলে আশঙ্কা করা হচ্ছে।

এসব দাবি আদায়ের লক্ষ্যে শিবিরের লাগাতার অবরোধ চলাকালে গত ১৩ আগস্ট শিবির-ছাত্রলীগ বন্দুকযুদ্ধের পর অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায়। গত ২০ আগস্ট সিন্ডিকেট বৈঠকে আগামী ১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে ভিসি-প্রোভিসি উদ্যোগ নেবেন বলে ঘোষণা দিলেও গতকাল সোমবার পর্যন্ত এ বিষয়ে কোনো অগ্রগতি হয়নি।

এদিকে গতকাল অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় ছাত্র শিবিরের চিহ্নিত সন্ত্রাসীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য এজেন্ডা উত্থাপিত হলেও জামাত ও বিএনপিপন্থী সদস্যদের প্রতিবাদের কারণে তা স্থগিত হয়ে যায়। সূত্র জানায়, আগামী বৃহস্পতিবার অনুষ্ঠেয় সিন্ডিকেট বৈঠকে তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী শিবিরের কয়েকজন ক্যাডারকে বহিষ্কার করা হতে পারে।

দেশের সর্বত্র নির্বাচনী হাওয়ার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুলিশ প্রশাসনের কাছে অতিরিক্ত পুলিশ চেয়েও পাচ্ছে না বলে জানা গেছে। প্রগতিশীল শিক্ষকরা আশঙ্কা প্রকাশ করে বলেছেন, প্রয়োজনীয় পুলিশ ও বিডিআর ছাড়া বিশ্ববিদ্যালয় খোলা মানে শিবিরের হাতে ক্যাম্পাস ছেড়ে দেওয়া। তারা বলেছেন, এতে নিশ্চিতভাবে আবার ছাত্র সংঘর্ষ বাধবে এবং এমনকি খুনোখুনিও হয়ে যেতে পারে।